বড় নাপাকী হতে গোসল করার পদ্ধতি

উম্মুল মু’মিনীন মাইমূনাহ রদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, তিনি বলেন: আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জন্য গোসলের পানি রাখলাম, এরপরে একটি কাপড় দিয়ে তাকে আড়াল করে দিলাম। তিনি তার দুই হাতে পানি ঢেলে হাতদুটি ধুলেন, তারপরে তিনি তার ডানহাত দিয়ে বাম হাতের উপরে পানি ঢেলে তার যৌনাঙ্গ ধুলেন, তারপরে তার হাত মাটিতে মাসাহ করে তা ধুয়ে নিলেন। এরপরে গড়গড়ার সাথে কুলি করলেন, নাকে পানি দিলেন, মুখমণ্ডল ধুলেন, তার দুই হাতের কনুইসহ ধুয়ে নিয়ে তার মাথায় পানি ঢাললেন এবং তার সারা শরীরে
পানি প্রবাহিত করলেন। এরপরে সেখান থেকে সরে এসে তার দুই পা ধুলেন। তখন আমি তার দিকে একটি কাপড় এগিয়ে দিলাম, তিনি তা গ্রহণ করলেন না, এরপরে তিনি তার হাত ঝাড়া দিতে দিতে স্থান ত্যাগ করলেন।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

উম্মুল মুমিনীন মাইমূনাহ রদিয়াল্লাহু আনহা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নাপাক অবস্থা থেকে গোসলের নিয়ম-কানুনের ব্যাপারে সংবাদ দিয়েছেন যে, তিনি রসূলের জন্য পানি প্রস্তুত করেছিলেন, যাতে সেখান থেকে তিনি গোসল করতে পারেন, এবং তিনি পর্দা দ্বারা তাকে আড়াল করে দিয়েছিলেন, তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে কাজগুলো করেছিলেন, তা নিম্নরূপ: প্রথমত: পাত্রে তার দুই হাত প্রবেশ করানোর আগে তিনি পানি ঢেলে তার হাত দুটি ধুয়ে নিলেন। দ্বিতীয়ত: গোপনাঙ্গে লেগে থাকা নাপাকীর চিহ্নসমূহ পরিষ্কার করার জন্য তিনি তার ডান হাত দিয়ে বাম হাতে পানি ঢাললেন এবং তার যৌনাঙ্গ ধুয়ে ফেললেন। তৃতীয়ত: হাত মাটিতে ঘষে নিয়ে তা মুছে নিলেন এবং এরপরে তা ধুয়ে নিলেন, যাতে হাত থেকে অপবিত্রতা দূর হয়ে যায়। চতুর্থত: কুলি করলেন, এটি এভাবে: তার মুখের মধ্যে পানি প্রবেশ করিয়ে, তা নাড়াচড়া করিয়ে, চারিদিকে ঘুরিয়ে তা ফেলে দিলেন। এবং নাকে পানি দিলেন, এটা এভাবে: পরিষ্কার করা উদ্দেশ্যে নিঃশ্বাসের সাথে তিনি তার নাকে পানি প্রবেশ করালেন আর এরপরে তিনি তা বের করে দিলেন। পঞ্চমত: তিনি তার মুখমণ্ডল ধুলেন এবং কনুইসহ হাত দুটি ধুলেন। ষষ্টত: তিনি তাঁর মাথায় পানি ঢাললেন। সপ্তমত: শরীরের বাকী স্থানগুলোতে পানি ঢাললেন। অষ্টমত: গোসলের স্থান থেকে সরে অন্য স্থানে এসে তিনি তার দুই পা ধুলেন; যেহেতু তিনি পা ধৌত করার কাজটি আগে করেননি। তারপরে মাইমূনাহ রদিয়াল্লাহু আনহা তার কাছে পানি মোছার জন্য একটি রুমাল নিয়ে আসলেন, কিন্তু তিনি তা গ্রহণ করলেন না। বরং তার হাত দিয়ে তিনি তার শরীর থেকে পানি মুছে ফেলছিলেন আর তা গড়িয়ে পড়ছিল।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3310